তারিখ 12 MAY 2016
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

১২ ক্যাডেট কলেজ

# ৬১৫ পরীক্ষার্থীর ৬১০ জন জিপিএ ৫ পেয়েছে

**যুগান্তর রিপোর্ট**

এ বছর এসএসসি পরীক্ষায় সেনাবাহিনীর প্রত্যক্ষ নিয়ন্ত্রণে পরিচালিত ১২ ক্যাডেট কলেজ থেকে ৬১৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে, এর মধ্যে ৬১০ জনই জিপিএ ৫ পেয়ে কৃতকার্য হয়েছে। মাত্র ৩টি কলেজের ৫ শিক্ষার্থী জিপিএ ৪ পেয়েছে। বাকি ৮টি কলেজের সব শিক্ষার্থী জিপিএ ৫ পেয়েছে।

এবারের এসএসসি পরীক্ষায় ফৌজদারহাট ক্যাডেট কলেজ থেকে ৫৬ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ১ জন ছাড়া সবাই জিপিএ ৫ পেয়েছে। ঝিনাইদহ ক্যাডেট কলেজ থেকে ৫২ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে সবাই জিপিএ ৫ পেয়েছে। মির্জাপুর ক্যাডেট কলেজ থেকে ৫০ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে সবাই জিপিএ ৫ পেয়েছে। রাজশাহী ক্যাডেট কলেজ থেকে ৫৫ জন পরীক্ষায় অংশ নিয়ে সবাই জিপিএ ৫ পেয়েছে। সিলেট ক্যাডেট কলেজ থেকে ৫১ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ১ জন ছাড়া সাবই জিপিএ ৫ পেয়েছে। রংপুর ক্যাডেট কলেজ থেকে ৪৮ জনের সবাই জিপিএ ৫ পেয়েছে। বরিশাল ক্যাডেট কলেজ থেকে ৫২ জন অংশ নিয়ে ৫২ জনই জিপিএ ৫ পেয়েছে। পাবনা ক্যাডেট কলেজ থেকে ৪৯ জন পরীক্ষায় অংশ নিয়ে সবাই জিপিএ ৫ পেয়েছে। ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ থেকে ৫০ জন অংশ নিয়ে সবাই জিপিএ ৫ পেয়েছে। কুমিল্লা ক্যাডেট কলেজ থেকে ৪৯ জন পরীক্ষায় অংশগ্রহণ করলেও ৩ জন জিপিএ ৪ পেয়েছে। বাকি সবাই জিপিএ ৫ পেয়েছে। ফেনী গার্লস ক্যাডেট কলেজ থেকে ৫১ জন অংশ নিয়ে ৫১ জনই জিপিএ-৫ পেয়েছে। জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ থেকে ৫২ জন অংশগ্রহণ করে সবাই জিপিএ ৫ পেয়েছে।